

ইনোভেশন

১। সিগন্যাল ও আইটি ইক্যুপমেন্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার।

বর্ডার গার্ড বাংলাদেশ এর বিভিন্ন ইউনিট সমূহের জন্য সিগন্যাল ও আইটি ইক্যুপমেন্ট এর প্রাধিকার, চাহিদা প্রেরণ, বরাদ্দ করণ, লেজার রক্ষণাবেক্ষণ ও সৃষ্টি ব্যবস্থাপনার জন্য সিগন্যাল ও আইটি ইক্যুপমেন্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার তৈরী করা হয়েছে। এর মাধ্যমে পুরো প্রক্রিয়াটি অটোমেশন করা হয়েছে। উল্লিখিত সফটওয়্যারটি আধুনিক ও যুগোপযোগী করে বিজিবির সকল স্তরে ব্যবহার করা হচ্ছে। সফটওয়্যারটি ব্যবহারের ফলে সিগন্যাল ও আইটি ইক্যুপমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম ডিজিটলাইজড করা হয়েছে।

২। সেন্ট্রাল মেডিক্যাল ষ্টোর ডিপো ম্যানেজমেন্ট সফটওয়্যার।

বিজিবিতে বর্তমানে ০৫টি হাসপাতাল বিদ্যমান রয়েছে। এই সফটওয়্যারটি ব্যবহার করে ০৫টি হাসপাতাল এবং বিজিবির সকল ইউনিটের যাবতীয় ঔষধ ও চিকিৎসা সরঞ্জামাদির চাহিদা, বরাদ্দ এবং সৃষ্টিভাবে লেজার রক্ষণাবেক্ষণ করা হয়ে থাকে। বিজিবিতে এই সফটওয়্যারটি ব্যবহার করে মেডিক্যাল ষ্টোর ডিপোর কার্যক্রম নির্ভুলভাবে ও দ্রুততার সাথে সম্পন্ন করা হচ্ছে।